গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)
ড. কুদরাত-এ -খুদা সড়ক (ল্যাবরেটরী রোড), ধানমন্ডি, ঢাকা-১২০৫ □ ০২-৪৪৬১২৪৫১ □ info@bricm.gov.bd □ www.bricm.gov.bd

"শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন"

নং: ৩৯.১১.০০০০.০০৩.৪৮.০০১.২১/ ৩০৬৭ (২) তারিখ: ২৪-০৩-২০২৪

## বিআরআইসিএম রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)-এ কেমিস্ট্রি, এপ্লাইড কেমিস্ট্রি, ইলেক্ট্রোনিক্স এন্ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলোজি বিষয়ে নিম্নবর্ণিত ফেলোশিপের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| নং | ফেলোশিপের নাম | সংখ্যা | আবেদনকারীর বয়সসীমা | মাসিক ভাতা (টাকা) | ফেলোশিপের জন্য নূন্যতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | গ্রাজুয়েট ফেলোশিপ | ১৬ টি | ০৮.০৪.২০২৪ তারিখে অনুর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর | ৩০,০০০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি (অনার্স) ডিগ্রি এবং শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণি/ সমমানের গ্রেড পয়েন্ট গ্রহণযোগ্য হবে না। |

**নিয়মাবলি:**

১। প্রাথমিকভাবে ক্ষেত্রবিশেষে, কাজের ধরণ অনুযায়ী ছয়মাস থেকে এক বৎসরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। ইনস্টিটিউট, প্রয়োজনে, গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে এ সংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং পর্ষদ সভায় অনুমোদনের শর্তে, ফেলোশিপের মেয়াদ বর্ধিত করতে পারবে। সাধারণভাবে, বর্ধিত সময়সহ ফেলোশিপের মোট মেয়াদ হবে অনধিক ৪ বৎসর। তবে, অপরিহার্য ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক ইনস্টিটিউট কোন ফেলোশিপের মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করতে পারবে।

২। ফেলোদের নির্ধারিত হারে ভাতা/ আনুষঙ্গিক ভাতা প্রদান করা হবে।

৩। প্রস্তাবিত গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ (ছক-ক অনুযায়ী) অনলাইনে (অন্যান্য সংযুক্তি-তে) সংযুক্ত করতে হবে। গবেষণা প্রস্তাব বিআরআইসিএমের কর্মকান্ডের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

৪। পূর্বে কোন গবেষণামূলক কাজ করে থাকলে সে সম্পর্কিত তথ্য, প্রকাশনা ও থিসিসের সারাংশ (ছক-খ অনুযায়ী) অনলাইনে (অন্যান্য সংযুক্তি-তে) সংযুক্ত করতে হবে।

৫। ইত:পূর্বে প্রাপ্ত ফেলোশিপ/ বৃত্তির বিবরণ (ছক-গ অনুযায়ী) অনলাইনে (অন্যান্য সংযুক্তি-তে) সংযুক্ত করতে হবে।

৬। আবেদনকারী বিশ্ববিদ্যালয়ে এমএস/ উচ্চতর ডিগ্রিতে অধ্যয়নরত থাকলে তাকে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে (ছক-ঘ অনুযায়ী) আবেদন করতে হবে এবং অনুমতিপত্র অনলাইনে (অন্যান্য সংযুক্তি-তে) সংযুক্ত করতে হবে। অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৭। আবেদনকারী কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে তাকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অনাপত্তিপত্র (প্রতিষ্ঠানের প্যাডে) (ছক-ঙ অনুযায়ী) অনলাইনে (অন্যান্য সংযুক্তি-তে) সংযুক্ত করতে হবে। অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৮। বিআরআইসিএমের কোন ফেলোশিপ চাকরি হিসেবে গণ্য হবে না এবং ফেলোশিপের অধীনে কর্মরত থাকলে কোন ফেলোকে কোন প্রকার ছুটি প্রদান করা যাবে না। একই গবেষণা কাজের জন্য অন্য কোন ফেলোশিপ গ্রহণকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

৯। প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের সময় (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি (খ) প্রবেশপত্র (গ) সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ঘ) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি, (ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (চ) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন/ ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ, (ছ) অভিজ্ঞতার সনদ (যদি থকে) ইত্যাদির সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না। পরীক্ষার সময়সূচী বিআরআইসিএমের ওয়েবসাইট www.bricm.gov.bd-এ প্রকাশ করা হবে।

১১। রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন, পরিমার্জন (যদি থাকে) বিআরআইসিএমের ওয়েবসাইটে (www.bricm.gov.bd) প্রকাশ করা হবে। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/ পরিবর্তন/ পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

১২। সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে মনোনীত এবং চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থিদের তালিকা বিআরআইসিএমের ওয়েবসাইট www.bricm.gov.bd থেকে জানা যাবে।

**অনলাইনে আবেদন পত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী:**

ক) আগ্রহী গবেষকগণ www.bricm.gov.bd ওয়েবসাইটের Smartbricm লিংকে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫.০৩.২০২৪ খ্রি:, সকাল ১০:০০ টা।

ii. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮.০৪.২০২৪ খ্রি:, বিকাল ০৫:০০ টা।

খ) উক্ত সময়সীমার মধ্যে অনলাইনে আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে online gateway-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

গ) অনলাইনে আবেদনের সময় প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য 300 x প্রস্থ 80) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য 300 x প্রস্থ 300) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

ঘ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইনে আবেদনপত্র সাবমিট করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ) আবেদন পত্রের সাথে গবেষণা প্রস্তাবনা সহ অন্যান্য সংযুক্তি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

চ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ছ) অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর আপলোড করে আবেদন পত্র সাবমিট করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা হলে প্রার্থী ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant copy পাবেন। user id (রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত ই-মেইল/ মোবাইল নম্বর) ব্যবহার করে প্রার্থী online gateway-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ৫০০/- (পাঁচশত টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র গৃহিত হবে না। অসম্পূর্ণ/ ভুল তথ্য সম্বলিত/ ত্রুটিপূর্ণ এবং বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন যে কোনো পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়ে www.bricm.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে sms এর মাধ্যমে (শুধু প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে।

ঝ) user id (রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত ই-মেইল/ মোবাইল নম্বর) এবং password ব্যবহার করে www.bricm.gov.bd ওয়েবসাইট থেকে পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রবেশপত্রটি পরীক্ষায় অংশগ্রহনের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে, ০২-৪৪৬১২৪৫১ নম্বরে অথবা info@bricm.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

24.06.24

ড. প্রনব কর্মকার
ইনচার্জ, প্ল্যানিং, রিসার্চ এন্ড
ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স ডিভিশন
বিআরআইসিএম

ছক-ক

প্রস্তাবিত গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ (ইংরেজিতে):

1. Title of the project:

2. Scientific background of the project:

   a. Significance of the proposed research:

   b. Related work already performed or in progress at other Institutes/ country:

   c. Research Objectives:

3. Research plan including methods or techniques to be used:

4. Expected outcome of the research project

5. References

পূর্বে কোন গবেষণামূলক কাজ করে থাকলে সে সম্পর্কিত তথ্য:

থিসিসের সারাংশ (Abstract):

প্রকাশনার তথ্য :

**ছক-গ**

ইত:পূর্বে প্রাপ্ত ফেলোশিপ/ বৃত্তির বিবরণ (যদি থাকে):

ক) ফেলোশিপ/ বৃত্তি ও বিষয়ের নাম :

খ) বিশ্ববিদ্যালয়ের নাম ও সময় :

**ছক-ঘ**

আবেদনকারী বিশ্ববিদ্যালয়ে এমএস/ উচ্চতর ডিগ্রিতে অধ্যয়নরত থাকলে নিম্নোল্লিখিত তথ্যসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং গবেষণা তত্ত্বাবধায়কের অনুস্বাক্ষরসহ আবেদন করতে হবে:

ক) ডিগ্রির নাম :

খ) শিক্ষা বৎসর :

গ) শিক্ষা প্রতিষ্ঠানের নাম :

ঘ) ভর্তির তারিখ :

ছক-ঙ

আবেদনকারী কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্র

-----------------------------------------------------------
-----------------------------------------------------------
-----------------------------------------------------------
-----------------------------------------------------------

(নিয়োগকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উপরে লিখতে হবে)

নং------------------------------------------------------ তারিখ: -------------------

প্রেরক: -----------------------------------------------------------
-----------------------------------------------------------
-----------------------------------------------------------
-----------------------------------------------------------

প্রাপক: মহাপরিচালক
বিআরআইসিএম
ড. কুদরাত-এ-খুদা সড়ক
ধানমন্ডি, ঢাকা।

বিষয় : বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস্ (বিআরআইসিএম)-এর ফেলোশিপের জন্য অনাপত্তিপত্র

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব --------------------------------------------------------------------------------;

প্রতিষ্ঠানের নাম -----------------------------------------------------------------------------------------------------

প্রতিষ্ঠানের ঠিকানা -------------------------------------------------------------------------------------------------

পদের নাম -----------------------------------------------------------------, --------------------------- তারিখ

হতে কর্মরত আছেন। তার গবেষণার অধিক্ষেত্র -------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------------------------------।

বিআরআইসিএমের ফেলোশিপে অংশগ্রহণের জন্য তাকে অনুমতি প্রদান করা হলো এবং ফেলো নির্বাচিত হলে তাকে বিআরআইসিএম গবেষণাগারে সার্বক্ষণিক ও পূর্ণ মেয়াদে কাজের জন্য কর্মস্থল থেকে অবমুক্ত করতে ---------------- ---------------------------------------------------------------------------------- প্রতিষ্ঠানের কোন আপত্তি নেই।

(বি: দ্র: মৌখিক পরীক্ষার দিন কর্তৃপক্ষ কর্তৃক পূরণকৃত এবং স্বাক্ষরিত ছাড়পত্রটি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করিতে হইবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে না)

(কর্তৃপক্ষের স্বাক্ষর, তারিখ ও পদবী)